# উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা এর মার্চ, ২০২২ খ্রিঃ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ এজাজ আহমেদ চেয়ারম্যান, ডুমুরিয়া উপজেলা পরিষদ, খুলনা।

সভার স্থান ঃ "সভাকক্ষ" উপজেলা কমপ্লেক্স সম্প্রসারিত প্রশাসনিক ভবন, ডুমুরিয়া, খুলনা।

সভার তারিখ ও সময় ঃ ১৫ মার্চ ২০২২, সময় সকাল ১১.০০ টা।

উপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট 'ক'

সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করা হয়।সভায় মাননীয় সংসদ সদস্য ১০৩, খুলনা - ৫ মহোদয় Zoom App এর মাধ্যমে যুক্ত রয়েছেন। সভাপতির সম্মতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার সভার কাজ শুরু করেন। তিনি জানান মাননীয় সংসদ সদস্য মহোদয় উপস্থিত থেকে সভাকে প্রাণবন্ত করেছেন।তিনি আগামীতেও মহোদয়ের উপস্থিতি কামনা করেন।

অতঃপর তিনি আলোচ্যসূচি অনুসারে গৃহীত বিষয়সমূহ আলোচনা করেন এবং সে অনুযায়ী সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার কার্যবিবরণী অনুমোদন | উপজেলা নির্বাহী অফিসার মহোদয় কর্তৃক বিগত ২৮ ফেব্রুয়ারী - ২০২২ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী অদ্যকার সভায় উপস্থাপন করা হয়। বিষয়টি সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করার প্রতি গুরুত্বারোপ করে আলোচনা হয়। কোনরূপ সংশোধনি প্রস্তাব নেই। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ২৮ ফেব্রুয়ারী - ২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা |
| ২. | গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা | বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি সভায় আলোচনা হয়। সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নপূর্বক পরবর্তী সভার পূর্বে অবহিত করলে কার্যবিবরণী প্রস্তুতে সহায়ক হয়। সিদ্ধান্ত বাস্তবায়নে অগ্রগতি সন্তোষজনক। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন এবং নতুন এজেন্ডা সম্পর্কিত প্রতিবেদন ১৫ দিনের মধ্যে উপজেলা নির্বাহী কর্মকর্তা বরাবরে প্রেরণ নিশ্চিত করতে হবে। | উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট কর্মকর্তা। ডুমুরিয়া, খুলনা |
| | ই-নথি কার্যক্রম | উপজেলা পর্যায়ে উপজেলা ভূমি অফিস, সমবায়, সমাজসেবা, মহিলা বিষয়ক অধিদপ্তর প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা দপ্তরকে ই-নথিতে উপজেলা নির্বাহী অফিসারের সাথে সংযোগ স্থাপন করা হয়েছে। এসব দপ্তরের সাথে ই-নথিতে পত্রালাপ শুরু করা হয়েছে। উপজেলা পর্যায়ের অপরাপর অফিসসমূহের সাথে সংযোগ স্থাপন পর্যায়ক্রমে হবে। আপাতত ই-মেইল ও মোবাইলের মাধ্যমে পত্র প্রদান অব্যাহত রাখা হয়েছে। ই-নথিতে ডুমুরিয়া উপজেলার কার্যক্রম সন্তোষজনক। | প্রতিদিন সকালে ই-নথির ডাক অবলোকন ও নিস্পত্তি নিস্পত্তি করতে হবে। সংযোগস্থাপনকৃত অফিসসমূহ ই-নথিতে নোট অনুমোদন ও পত্র প্রদান নিশ্চিত করতে হবে। | সকল দপ্তর প্রধান এবং প্রশাসনিক কর্মকর্তা ও সহকারি প্রোগ্রামার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৩. | কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ | উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ধারা ২৯ এর বিধান মোতাবেক ১৭টি স্থায়ী কমিটি রয়েছে। বিধি মোতাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানদ্বয় কমিটির সভাপতি নির্বাচিত হয়েছেন। অপরাপর দপ্তর হতে স্থায়ী কমিটির সভা হলেও কার্যবিবরণী ও সুপারিশমালা প্রেরণ করেননি। বিষয়ট নিয়ে সভায় আলোচনা হয়। দপ্তরভিত্তিক কাজের স্বচ্ছতা, জবাবদিহিতাবৃদ্ধি ও পরিষদের কাজের সহায়তার জন্য স্থায়ী কমিটি কার্যকর করা অত্যান্ত জরুরী মর্মে সভায় আলোচনা হয়। | উপজেলা পরিষদের কাজের সহায়তার নিমিত্ত ১৭ (সতের) টি স্থায়ী কমিটি নিয়মিত সভা আহবান ও সুপারিশ সম্বলিত কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করবেন। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ৪. | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া, খুলনা। | উপজেলা প্রকৌশলী ডুমুরিয়া,খুলনা সভায় জানান যে, ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত স্কীমসমূহের মধ্য হতে কাজ করার জায়গা না থাকায়/ অন্য প্রকল্প থেকে কাজ সম্পন্ন হওয়ায় স্থানীয় জনগনের চাহিদার প্রেক্ষিতে ও অন্যান্য কারনে নিম্ন বর্নিত স্কীমগুলো পরিবর্তন আবশ্যক। | ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত স্কীমসমূহের মধ্য হতে কাজ করার জায়গা না থাকায়/ অন্য প্রকল্প থেকে কাজ সম্পন্ন হওয়ায় স্থানীয় জনগনের চাহিদার প্রেক্ষিতে ও অন্যান্য কারনে নিম্ন বর্নিত স্কীমগুলো পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়া, খুলনা। |

| রেজুলেশনের ক্রমিক নং | বর্তমান স্কীমের নাম | পরিবর্তিত স্কীমের নাম |
|---|---|---|
| ১১৭ | হাজিডাঙ্গা মেইন রাস্তা হতে সুধান্ন বাড়ী অভিমুখে রাস্তা ও খলসী মেইন রাস্তা হতে শফি মোড়লের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | খলসী মেইন রাস্তা হতে শফি মোড়লের বাড়ির অভিমুখে রাস্তা ইটের সোলিং দ্বারা উন্নয়ন। |
| ১২২ | সাজিয়াড়া মধ্যপাড়া মসজিদেও রাস্তা হতে আলী হোসেন বিশ্বাস এর বাড়ী, সাজিয়াড়া মধ্যপাড়া মকতোবের পিছন হতে আকোবালী গাজী বাড়ী,আরাজি ডুমুরিয়া মিকশিমিল রোড হতে মুনসুর সরদার ও জাহান আলী বাড়ী, আরাজি ডুমুরিয়া কার্তিক কুন্ডুর ও শংকর বৈরাগীর বাড়ী সামনে ইটের সোলিং দ্বারা উন্নয়ন। | সাজিয়াড়া মধ্যপাড়া মকতোবের পিছন হতে আকোবালী গাজী বাড়ী,আরাজি ডুমুরিয়া মিকশিমিল রোড হতে মুনসুর সরদার ও জাহান আলী বাড়ী, আরাজি ডুমুরিয়া কার্তিক কুন্ডুর ও শংকর বৈরাগীর বাড়ী সামনে ইটের সোলিং দ্বারা উন্নয়ন। |
| ১২৩ | ডুমুরিয়া কাবিল বিশ্বাসের বাড়ি হতে মওলানা হামিদ বিশ্বাসের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ এবং ভুলটিয়া নির্মলের বাড়ি হতে মিন্টুর বাড়ির অভিমুখে রাস্তা সোলিংকরন। | ডুমুরিয়া কাবিল বিশ্বাসের বাড়ি হতে মওলানা হামিদ বিশ্বাসের বাড়ি অভিমুখে ড্রেন নির্মাণ |
| ১২৬ | খুলনা সাতক্ষীরা রোড হতে কালিবাড়ী মন্দির অভিমুখে ড্রেন নির্মাণ। | গোলনা শহিদুলের বাড়ির পাশ্বে ড্রেন নির্মাণ। |

| | | |
|---|---|---|
| ১৭৮ | খর্নিয়া ভদ্রদিয়া দাশপাড়া মন্দির অভিমুখে রাস্তা সোলিং করন | খর্নিয়া ভদ্রদিয়া সার্বজনীন দাশপাড়া মন্দির সংস্কার |
| ২২৫ | ডুমুরিয়া ইউনিয়নে আফসার সরদারের বাড়ির সামনে হতে মামুনুর রশিদের বাড়ি পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেন নির্মান | ডুমুরিয়া ইউনিয়নে আফসার হোসেন জোয়াদ্দার বাড়ির সামনে হতে মামুনুর রশিদের বাড়ি পর্যন্ত পানি নিষ্কাশনের ড্রেন নির্মান |
| ২৬৭ | ৩) সোনালী মন্ডল, গ্রাম-হোগলাবুনিয়া এর বাড়ির জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকূপ স্থাপন | বৈঠাহারা সমবায় সমিতির পাশে গভীর নলকূপ স্থাপন। |
| ৩০৪ | রংপুর ইউনিয়নের শলুয়া গ্রামের প্রভাত বাবুর বাড়ি হইতে বিমল মন্ডলের বাড়ি পর্যন্ত জলাবদ্ধতা নিরসনের জন্য পাইপ ড্রেন নির্মান এবং ফনিভুষন পিতা: কৃষ্ণপদ ঢালী সাং রংপুর এর বাড়ির নিকট জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকুপ স্থাপন। | রংপুর ইউনিয়নের শলুয়া গ্রামের প্রভাত বাবুর বাড়ি হইতে বিমল মন্ডলের বাড়ি পর্যন্ত জলাবদ্ধতা নিরসনের জন্য পাইপ ড্রেন নির্মান এবং সুনিল মন্ডল পিতা: আশুতোষ মন্ডল সাং রংপুর এর বাড়ির নিকট জনসাধারনের ব্যবহারের জন্য গভীর নলকুপ স্থাপন। |
| ৩২৩ | বাহাদুরপুর ওয়াপদা সংলগ্ন মসজিদ সংস্কার | বাহাদুরপুর আশ্রয়নে বাহাদুরপুর সোভনা জামে মসজিদ সংস্কার। |
| ৩২৫ | খুলনা বিশ্ববিদ্যালয় সড়কের সরোফারের মোড় হতে বাইপাস অভিমুখে সড়ক সোলিং করণ। | উক্ত রাস্তা এজিং এর পরিবর্তে গাইড ওয়াল ৩" বালি ফিলিং এর পরিবর্তে ১২" বালি ফিলিং এবং রাস্তার চওড়া ৭" এর পরিবর্তে ১০" এবং দৈর্ঘ ২৪৫.৬৭ মি: এর পরিবর্তে ১১০ মি: |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান করোনা মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কর্মরত সকল চিকিৎসক তৎপর রয়েছেন। নিয়মিত করোনা পরীক্ষা ও করোনা রোগীদের পরামর্শ প্রদান করছেন। করোনার ভয়াবহতার বিবরণ দিয়ে জানান জনগন স্বাস্থ্য বিধি মেনে চলছেন বলেই ডুমুরিয়া অন্যান্য উপজেলা হতে ভাল অবস্থানে রয়েছে। তিনি স্বাস্থ্য বিধি মেনে চলার প্রতি অধিকতর গুরুত্ব প্রদানের জন্য সকলকে অনুরোধ জানান। | স্বাস্থ্য বিধি মেনে চলাচল নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) ডুমুরিয়া, খুলনা |
| | | (খ) বিধি ১৮(৩) অনুযায়ী জন্ম ও মৃত নিবন্ধন আইন, ২০০৪ এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ অনুযায়ী জন্ম ও মৃত্যু রেজিস্ট্রেশন কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অগ্রগতি পর্যালোচনা করার নিমিত্ত মন্ত্রিপরিষদের নির্দেশনা রয়েছে। বিধি ২১ অনুযায়ী ৪৫ দিন পর্যন্ত জন্ম ও মৃত্যু বিনা ফিসে নিবন্ধনের নির্দেশনা রয়েছে। নভেম্বর,২০২০ মাসের প্রতিবেদন অনুযায়ী আটলিয়া, শোভনা, সাহস, ভান্ডারপাড়া, ডুমুরিয়া, রংপুর ও মাগুরখালী ইউনিয়নের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী জন্ম নিবন্ধন নিশ্চিত করার জন্য সকলকে আরো তৎপর হতে হবেমর্মে গুরুত্বপ্রদান করে সভায় আলোচনা হয়। | জন্ম ও মৃত নিবন্ধন আইন, ২০০৪ এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা ২০১৮ অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে আরো তৎপর হতে অনুরোধ করা হলো। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ চেয়ারম্যান, আটলিয়া, শোভনা, রংপুর ও মাগুরখালীসহ অন্যান্য |
| ৬. | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান ২০২১-২০২২ অর্থ বছরে ক তালিকাভুক্ত জমি নেই ঘর নেই প্রকল্পের আওতায় ঘর নির্মাণর প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং প্রস্তাবনা প্রেরণ করা | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুত গুরুত্বপূর্ণ এ প্রকল্প বাস্তবায়নে সকলের | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হয়েছে। সরকারি খাস জমি চিহ্নিত করার কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগীতা কামনা করেন। | সহযোগীত নিশ্চিত করতে হবে। | কর্মকর্তা চেয়ারম্যান (সকল) |
| ৬. | উপজেলা মৎস্য অধিদপ্তর ডুমুরিয়া, খুলনা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ডুমুরিয়া উপজেলাতে বেহুন্দি, কারেন্ট জাল, মশারি, চট, পাই, টিং ইত্যাদি ক্ষতিকারক জাল নিষিদ্ধ করা হয়েছে। উক্ত প্রকারের জালসমূহ বিক্রয় ও ব্যবহারকারীদের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনা মৎস্য বিভাগ সহায়তা করে থাকেন। মাছের ঘেরসমূহ রেজিস্ট্রেশনের বিধান রয়েছে। রেজিস্ট্রেশনভুক্ত ও রেজিস্ট্রেশন বহির্ভূত ঘেরের তালিকা প্রস্তুত করা প্রয়োজন মর্মে সভায় আলোচনা হয়। | ক্ষতিকারক জাল ব্যবহারকারীদের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। বৈধ/অবৈধ ঘেরের তালিকা প্রস্তুত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, ডুমুরিয়া, খুলনা। |
| ৭. | উপজেলা কৃষি কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, এ বছর ডুমুরিয়া উপজেলায় এ বছর ২১২০৫ হেঃ জমিতে বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। ইতিমধ্যে বোরোরোপন কার্যক্রম শুরু হয়ে গেছে। বোরো উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৮০০০ জন কৃষকের মাঝে প্রনোদনার আওতায় প্রতিজনকে ২কেজি করে হাইব্রিড ধান বীজ SL8H বিতরণ করা হয়েছে। শ্রমিক সংকট নিরসনের জন্য উন্নত চাষাবাদ কর্মসূচীর আওতায় ৫০ একর জমি চাষাবাদের জন্য ৩০০ কেজি হাইব্রীড ধানবীজ ব্যবিলন-২ এবং ব্যবিলনট্রেতে বসানো হয়েছে এবং পরবর্তীতে এগুলো রাইস ট্রান্সপ্লান্টারের সাহায্যে রোপন করা হবে। এ সমস্ত কৃষককে ইউরিয়া, ভিএপি,এমওপি, জিপসাম ও দস্তা সার বিতরণ করা হবে এবং যন্ত্র দিয়ে ধানকর্তন করেও দেয়া হবে। সার, কীটনাশককে বা বীজের কোন সংকট নেই। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি বিভাগের চলমান কাজ নিয়ে সভায় ব্যাপক আলোচনা হয়। কৃষি বিভাগের কার্যক্রমে সভায় সন্তোষ প্রকাশ করা হয়। | নিরাপদ কৃষি পণ্য উৎপাদন ও স্বাস্থ্যবিধি সম্পর্কে সকলকে সহযোগীতা ও পরামর্শ প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা খাদ্য কর্মকর্তা |
| ৮. | উপজেলা প্রাণি সম্পদ দপ্তর, ডুমুরিয়া খুলনা | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের সার্বিক তত্বাবধানে ন্যাশ্নাল এগ্রিকালচারাল টেকনোলোজী প্রোগ্রাম-ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) প্রকল্পের আওতায় চলতি মাসে বিভিন্ন গ্রামে ৬টি ইনফার্টিলিটি ক্যাম্পেইন ০৬ টি মাঠ দিবস, ৪ টি ডিওয়ার্মিং ক্যাম্পেইন ও ৩ টি খামারী সমাবেশ সম্পন্ন হয়েছে। লাইভস্টক এন্ড ডেইরী ডেভেলপমেন্ট (এলডিডিপি) প্রকল্পের Emergency Action Plan এর আওতায় ২য় দফা করোনায় ক্ষতিগ্রস্থ ৪৯২ জন খামারীদের | স্বাস্থ্য সম্মত পশু পালন নিশ্চিত করার নিমিত্ত ও প্রশিক্ষণ ও প্রনোদনা বিতরণে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ODK App এর মাধ্যমে ভেরিফিকেশন কার্যক্রম চলমান রয়েছে। কসাইখানার সুষ্ঠু ব্যবস্থাপনা ও মাংস প্রক্রিয়াকরণ ও সংরক্ষন বিষয়ক প্রশিক্ষণ ও উপকরণ বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ৯. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, প্রতিদিন ডুমুরিয়া উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের ১৪টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা সেবা ও মা শিশু স্বাস্থ্য সেবার পাশাপাশি মহামারি করোনা ভাইরাসের উপসর্গ নিয়ে আগত রোগীর সেবা ও পরামর্শ প্রদান করা হচ্ছে। | করোনা পরিস্থিতি বিবেচনা করে সতর্কতার সাথে সেবা প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ১০. | উপজেলা শিক্ষা অফিসার ডুমুরিয়া, খুলনা | উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া জানান যে, করোনা ভাইরাস সংক্রমণের আশংকা থাকায় সরকারি নির্দেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ রয়েছে। তবে অন লাইন ভার্চুয়াল প্লাটফর্মে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। উপজেলা শিক্ষা কমিটি ভারী মেরামত ও নতুন ভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়নে গুরুত্বপূর্ণ সুপারিশ প্রণয়ন করে থাকেন। উক্ত কমিটির মেয়াদ শেষ হয়েছে। নতুন কমিটি গঠনে তৎপর হতে হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া স্লিপ বরাদ্দ ও রুটিন মেইনটেন্স খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করার জন্য সকলের দৃষ্ট আকর্ষণ করা হয়।<br>(গ) ডুমুরিয়া বাজার ও বাসস্ট্যান্ড সংলগ্ন বিয়াম স্কুলে একটি নিরাপদ সবজি ও দুঃস্থ্য মহিলাদের জন্য বিক্রয় কাম প্রশিক্ষণ কেন্দ্র নির্মান কাজের ঠিকাদার খান শাহীন ডুমুরিয়া, খুলনা নির্ধারিত সময়ের মধ্যে কাজ সমাপ্ত করিয়া বিল ভাউচার দাখিল করিয়াছেন। মোট বিলের পরিমান - ৪৪,১৯,৩৬৭/০০। ভ্যাট ৩,৩১,৪৫৩/০০, আয়কর ১,৩২,৫৮১/০০ ও জামানত ৪,৪১,৯৩৭/০০ টাকা। ভ্যাট ও আয়কর বাদে ঠিকাদারের প্রাপ্য ৩৯,৫৫,৩৩৩/০০ টাকা। | স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রেখে নিজ নিজ ঘরে অবস্থান ও লেখাপড়া চালিয়ে যেতে উদ্ধুদ্ধ করতে হবে।<br>উপজেলা শিক্ষা কমিটি গঠনে দ্রুত প্রস্তাব উপস্থাপন নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা শিক্ষা অফিসার, ডুমুরিয়া |
| ১১. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ডুমুরিয়া খুলনা | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর হতে নিম্নবর্ণিত বিদ্যালয়ে নতুন ভবন নির্মাণের কাজ চলমান আছে মর্মে জানান। (১) পল্লী শ্রী বালিকা বিদ্যালয় (২) স্বর্ণদ্বীপ কলেজ (৩) মধুগ্রাম মাধ্যমিক বিদ্যালয়, (৪) সাহস-নোয়াকাটি মাধ্যমিক বিদ্যালয় ও টিপনা শেখ আমজাদ মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়। এসব বিদ্যালয়ের | শিক্ষা প্রতিষ্ঠানের নির্মাণ কাজের সময় সীমা এবং অগ্রগতি বিষয়ে প্রতিমাসে তথ্য প্রদান নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল উইং, খুলনা, উপজেলা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বিপরীতে প্রাক্কলন অনুযায়ী ও নির্ধারিত সময়ের মধ্য কাজ সম্পন্ন করার বিষয়টি সভায় আলোচয়ান হয়। কাজের গুনগতমান বিষয়ে তদারকির জন্য স্থানীয় পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের প্রতিনিধি হিসেবে প্রশাসনিক কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হয়েছে। সরেজমিনে পরিদর্শনপূর্বক কাজের গুনগতমান নিশ্চিত হয়ে অগ্রগতি রিপোর্ট প্রদানের প্রতি গুরুত্বারোপ করে সভায় আলোচনা হয়।<br>মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর ই-নথির আওতাধীন করা হয়েছে। ই-নথির পত্রসমূহ ই-মেইলে সহজেই বিতরণ করা সভব হয়। করোনা পরিস্থিতিতে হাতে হাতে পত্র জারীর পরিবর্তে ই-নথিতে প্রদান অধিকতর সহজতর হবে। | | মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা /প্রশাসনিক কর্মকর্তা ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান |
| | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ডুমুরিয়া খুলনা | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান সমাজসেবা অধিদপ্তর হতে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় বয়স্কভাতা, বিধবা ভাতা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ও অস্বচ্ছাল প্রতিবন্ধি ভাতা কর্মসূচীর ভাতা Digital Payment (g2p) পদ্ধতিতে প্রদান করা হচ্ছে। উদ্যোক্তাগণের মাধ্যমে ভাতাভোগীদের MIS সফটওয়ারে ডাটা এন্ট্রি চলমান রয়েছে। ৩১-০১-২০২১ পর্যন্ত ডুমুরিয়া উপজেলার ডাটা এন্ট্রির হার ৯৪%। এখনও ৬% ভাতাভোগীর ডাটা এন্ট্রি বাকি রয়েছে। তিনি বলেন বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের যাদের তথ্য এম.আই.এস সফটওয়ারে ডাটা এন্ট্রি করা হয়েছে, তাদের ডিজিটাল লেনদেন সিস্টেম নগদ এর মাধ্যমে ভাতার অর্থ পরিশোধ করা হবে। তিনি বলেন ইউনিয়ন পরিষদের সহযোগিতায় নগদ একাউন্ট খোলার নির্দেশনা পাওয়া গিয়েছে, এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা এবং অস্বচ্ছল প্রতিবন্ধী ভাতাভোগীদের তথ্য এম আই এস এ এন্ট্রি ও নগদ হিসাব খোলার বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, চেয়ারম্যান (সকল) |
| ১২. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনসাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ডুমুরিয়া, খুলনা জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা,র মাধ্যমে বিভিন্ন ইউনিয়নে উন্নয়নমূলক কাজ বাস্তবায়িত হচ্ছে। জেলা পরিষদের মালিকানাধীন ০২ টি পুকুর পুনঃ খনন কাজের মাটি খননের কাজ সম্পন্ন হয়েছে এবং রাস্তা তৈরির কাজ চলমান। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় (১ম বরাদ্দ) ৩১২ টি রেইন ওনয়াটার হারভেষ্টিং এর বরাদ্দ পাওয়া যায় যা ইতিমধ্যে স্থান নির্বাচনের কাজ সম্পন্ন হয়েছে। | গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার বিষয়টি নিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) ও চেয়ারম্যান রুদাঘরা, আটলিয়া, |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পানি সরবরাহে আর্সেনিক ঝুঁকি নিরসন প্রকল্পের আওতায় ৬৪টি রেইন ওয়াটার হারভেষ্টিং এবং ২৮১টি গভীর নলকূপ স্থাপ্নের কাজ সম্পন্ন হয়েছে। ০২টি আর.ও প্লান্ট নির্মাণের কাজ চলমান এবং আর্সেনিক স্ক্রিনিং এর জন্য ইউনিয়নসমূহে স্থানীয়া নলকূপ পরীক্ষক/তথ্য সংগ্রাহক(টেস্টার) এর নিয়োগ সম্পন্ন হয়েছে। অগ্রাধিকারমূলক গ্রামীণ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ১২টি আর্সেনিক আয়রণ রিমুভার প্লান্ট এর কাজ চলমান। PEDP-4, GPS/NNGPS প্রকল্পের আওতায় ২২টি ওয়াশব্লক ও ০৫টি নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে মর্মে জানান। এসব প্রকল্পের বিষয়ে আলোচনা হয়। গুণগত মান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার প্রতি গুরুত্বারোপ করা হয়। | | শোভনা, শরাফপুর ও রংপুর ইউনিয়ন |
| ১৩. | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। চলতি মাসে ০১টি বিশেষ ব্যাচে পোষাক তৈরি ট্রেডে ২৫জন যুব/যুব মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৯ জন যুব/ যুব মহিলাকে আত্মকর্মীসহ চলতি অর্থ বছরে ৯০ জন যুব/যুব মহিলাকে আত্মকর্মে নিয়োজিত করা হয়। আত্মকর্মসংস্থান কর্মসূজচীতে ১৬ জন আত্মকর্মীকে ৭,২০,০০০/-টাকা যুব ঋণ প্রদান করা হয়। এছাড়া বায়োগ্যাস প্লান্ট কার্যক্রম চলমান রয়েছে। | স্বাস্থ্য বিধি মেনে যুব ও যুব মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম ও স্বাবলম্বি করার পদক্ষেপ গ্রহণনিশ্চিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্য বিধি ও সামাজিক দুরত্ব বজায় রাখার বিষয়ে সেবা গ্রহণকারী ও নিজ দপ্তরের কর্কর্তা/কর্মচারীদের সচেতন করা হয়েছে। সামাজিক নিরাপত্তার আওতায় ভি.জি.ডি কার্ক্রম চলমান ও উন্নত মার্তৃত্বকাল ভাতা (imlma) কার্যক্রম ২০১৯-২০ অর্থ বছর থেকে শুরু হয়েছে। ২০১৯-২০২০ চক্রের ভিজিডি কার্ডধারীর সংখ্যা ১৮৭৬ জন। ২০২১-২০২২ ভিজিডি চক্রে ১৫০০ জন নতুন ভাতাভোগী নির্বাচনের ক্ষেত্রে অনলাইনে আবেদন গ্রহণের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২০১৯-২০অর্থ বছরে ৮১৪ জন ভাতাভোগীকে G2p পদ্ধতিতে সফটওয়ারে এন্ট্রির মাধ্যমে প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ, ক্ষুদ্র ঋণ বিতরণ ও সেলাই মেশিন বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। | স্বাস্থ্য বিধি মেনে প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে। তবে প্রশিক্ষণ মডিউল প্রস্তুতকরতঃ প্রশিক্ষণ শুরুর পূর্বেই অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ডুমুরিয়া, খুলনা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | জেলা পরিষদের ডাকবাংলো সম্পর্কিত আলোচনা। | গণমাধ্যম ব্যক্তিদের নিকট হতে সভাপতি জাতীয় দৈনিক সাংবাদিক ফোরাম বলেন, উপজেলা ভূমি অফিসের পাশে অবস্থিত জেলা পরিষদের ডাকবাংলো পরিত্যাক্ত অবস্থায় পড়ে আছে। এটি অপসারণ করে নতুন ভবন নির্মানের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা যেতে পারে। | সভাপতি জাতীয় দৈনিক সাংবাদিক ফোরামের প্রস্তাব অনুযায়ী সেটি অপসারণ করে নতুন ভবন নির্মানের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, ডুমুরিয়া, খুলনা। |

বিবিধ ০১ ঃ সহকারী কমিশনার(ভূমি), ডুমুরিয়া, খুলনা সভায় জানান উপজেলা পরিষদের নিয়ন্ত্রণে থাকা চটচটিয়া আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটটি বাংলা ১৪২৯ সনের জন্য ইজারার নিমিত্ত ১৩-০২-২০২২ তারিখের ০৫.৪৪.৪৭৩০.০০১.৩২.০০৮.২২-৯৬(৫০) নম্বর স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়। প্রথম পর্বে আন্তঃ ইউনিয়ন ঘাটটির বিপরীতে ০২ (দুই) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটি নিম্নরূপ সুপারিশ প্রদান করেছেন।

| ক্র: নং | ইউনিয়ন | আন্তঃ ইউনিয়ন ঘাটের নাম | বাংলা ১৪২৯ সনের সরকারি মূল্য | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | সাহস ও মাগুরখালী | চটচটিয়া আন্তঃ ইউনিয়ন খেয়াঘাট | ১৬,৫২,২০০/-/- | চটচটিয়া আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটটির ০২টি দরপত্রের মধ্যে জনাব গৌরপদ দাস পিতা-মৃত-পূর্ণ চন্দ্র দাস গ্রাম-পারবটিয়াঘাটা, উপজেলা-বটিয়াঘাটা, জেলা-খুলনা প্রস্তাবিত মূল্য-১৭,৪৩,৯৯০/-(সতের লক্ষ তেতাল্লিশ হাজার নয়শত নিরানব্বই টাকা) যা সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। তিনি জন্মসূত্রে একজন পাটনি। এ কারণে অনুমোদনযোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকূলে বাংলা ১৪২৯ সনের জন্য চটচটিয়া আন্তঃ ইউনিয়ন খেয়াঘাটটি ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |

বিবিধ ০২ ঃ উপজেলা প্রকৌশলী, ডুমুরিয়াঃ খুলনা সভায় জানান যে, ডুমুরিয়া উপজেলা পরিষদের নিয়ন্ত্রণে থাকা ৩৫টি হাট-বাজার বাংলা ১৪২৯ সনের জন্য ইজারার নিমিত্ত ১৩-০২-২০২২ তারিখের ০৫.৪৪.৪৭৩০.০০১.৩২.০০৮.২২-৯৭ নম্বর স্মারকে বিজ্ঞপ্তি জারি করা হয়। প্রথম পর্বে ৩৫টি হাটের মধ্যে ১৯ টি হাটের বিপরীতে ৩৭(ছত্রিশ)টি দরপত্র পাওয়া যায়। এছাড়া ৩য় পর্বে ০১(এক) টি হাটের বিপরীতে ০১(এক)টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রের বিষয়ে দরপত্র মূল্যায়ন কমিটি হাটওয়ারি নিম্নরূপ সুপারিশ প্রদান করেছেন। সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র: নং | ইউনিয়ন | হাট /বাজারের নাম | বাংলা ১৪২৯ সনের সরকারি মূল্য | দরপত্র মূল্যায়ন কমিটির সুপারিশ সমূহ | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১. | রঘুনাথপুর | শাহপুর হাট | ১,০৩,৩৩,৫৪১/- | শাহপুর হাটে ৩টি দরপত্রের মধ্যে জনাব গাজী আব্দুল হক, পিতা- গাজী আব্দুল গণি সাং শাহাপুর, ডুমুরিয়া, খুলনা এর প্রস্তাবিত মূল্য-১,৪০,০০,০০০/- (এক কোটি চল্লিশ লক্ষ) টাকা যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদনযোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। প্রস্তাবিত দর সর্বোচ্চ হওয়ায় শাহপুর হাটটি তার অনুকূলে ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২. | রঘুনাথপুর | রঘুনাথপুর হাট | ৫৬,১৪৮/- | রঘুনাথপুর হাটে ১টি দরপত্র জমা দাখিল হয়েছে। জনাব মোঃ বিল্লাল হোসেন পিতা মোঃ হাসান | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকূলে |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | গাজী সাং রঘুনাথপুর,, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য-৬১,৬৫৬/-(একষট্টি হাজার ছয়শত ছাপান্ন) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদনযোগ্য। | বাংলা ১৪২৯ সনের জন্য রঘুনাথপুর হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩. | | থুকড়া হাট | ১,০৩,১৭৩/- | থুকড়া হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। রুবায়েত ইসলাম রোহান পিতা শেখ রবিউল ইসলাম সাং- আরাজি সাজিয়াড়া, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য-১,০৫,০০০/-(এক লক্ষ পাঁচ হাজার ) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদনযোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য থুকড়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৪. | রুদাঘরা | শোলগাতিয়া হাট | ১৮,৩৫২/- | শোলগাতিয়া হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মিন্টু খান পিতা-আমজাদ খান সাং- শোলগাতিয়া, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য- ২৮,৭৫০/-(আঠাশ হাজার সাতশত পঞ্চাশ) টাকা, যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদনযোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য শোলগাতিয়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৫. | খর্ণিয়া | খর্ণিয়া হাট | ৪৮,৪৫,২৯৬/- | খর্ণিয়া হাটে ৪টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ ফিরোজ আহম্মেদ পিতা মোঃ ইছাহাক আলী সাং- রানাই, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত মূল্য -৭৩,০০,৩৩৩/-(তিয়াত্তর লক্ষ তিনশত তেত্রিশ ) টাকা, যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদনযোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য খর্ণিয়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৬. | আটলিয়া | চুকনগর হাট | ৬১,৩২,৮৮৬/- | চুকনগর হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ মিজানুর রহমান, পিতা- মৃত আঃ জব্বার মোড়ল, সাং-চুকনগর, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত মূল্য-৬১,৩৫,০০০/-( একষট্টি লক্ষ পয়ত্রিশ হাজার ) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য চুকনগর হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭. | আটলিয়া | কাঁঠালতলা হাট | ১৯,২৭৪/- | কাঁঠালতলা হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ ওয়ারেস আলী, পিতা- মৃত সিরাজুল হক সাং-১০১/১ ইসলামপুর রোড ডাক- খুলনা প্রস্তাবিত মূল্য-২৩,৫০০/-( তেইশ হাজার পাচশত টাকা) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য কাঁঠালতলা হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৮. | মাগুরাঘোনা | আঠারমাইল হাট | ৫৬,৭১,০০০/- | আঠারমাইল হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ আনোয়ার আলী, পিতা- শের আলী দফাদার, সাং- কাঞ্চনপুর, ডাক-মাগুরাঘোনা, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য-৫৮,৫১,০০০/- (আটান্ন লক্ষ একান্ন হাজার) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য আঠারমাইল হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৯. | শোভনা | মাদারতলা হাট | ৪৩,৩৭৮/- | মাদারতলা হাটে ৩টি দরপত্র দাখিল হয়েছে। জনাব সৌমিত্র মন্ডল, পিতা- মহাদেব মন্ডল, সাং- পারমাদারতলা,ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য-৬৫,৬২০/-( পঁয়ষট্টি হাজার ছয়শত বিশ) | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য মাদারতলা হাটটির ইজারা |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদন যোগ্য। | প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১০. | শোভনা | গাবতলা হাট | ১৬,৯২৫/- | গাবতলা হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ রফিকুল ইসলাম বাওয়ালী, পিতা- মৃত বাবর আলী বাওয়ালী, সাং-মলমলিয়া, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত মূল্য-১৭,০০০/-(সাতারো হাজার) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। যা অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য গাবতলা হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১১. | শরাফপুর | বানিয়াখালী হাট | ২,৭২,৬৬৮/- | বানিয়াখালী হাটে ৪টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ ইসমাইল জোয়াদ্দার, পিতা আব্দুল হাকিম জোয়াদ্দার, সাং- উত্তর কালিকাপুর, ডুমুরিয়া, খুলনা টাকা, প্রস্তাবিত মূল্য- ৩,১৬,৬৫০/-( তিন লক্ষ ষোল হাজার পঞ্চাশ) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য বানিয়াখালী হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১২. | শরাফপুর | শরাফপুর হাট | ৩৬,৩২৩/- | শরাফপুর হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব শরিফ শেখ, পিতা-মৃত সাহেবালী শেখ, সাং- বানিয়াখালী, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত মূল্য- ৪৭,২০০/-( সাতচল্লিশ হাজার দুইশত) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। ডাককারির অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য শরাফপুর হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৩. | শরাফপুর | বসুন্দিয়াডাংগা হাট | ১৭,৩১৩/- | বসুন্দিয়াডাংগা হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ ছালাম শেখ, পিতা- আব্দুল গফুর শেখ, সাং কালিকাপুর, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত মূল্য-৩১,৮০০/-( একত্রিশ হাজার আটশত ) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য বসুন্দিয়াডাংগা হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৪. | সাহস | নোয়াকাটি হাট | ২৫,৩০২/- | নোয়াকাটি হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব শেখ ইকবাল হোসেন, পিতা- মৃত ইয়াকুব আলী শেখ, সাং- খলশী, ডুমুরিয়া, খুলনা, প্রস্তাবিত মূল্য-৩০,৫০০/-(ত্রিশ হাজার পাঁচশত) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য নোয়াকাটি হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৫. | ভান্ডারপাড়া | কাঞ্চন নগর হাট | ৬,৩৮১/- | কাঞ্চন নগর হাটে ২টি দরপত্র দাখিল হয়েছে। জনাব এস, এম দেলোয়ার হোসেন, পিতা-মৃত মুজিবার রহমান সাং- শরাফপুর, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত ৮,৫০০/-(আট হাজার পাঁচ শত টাকা)টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য কাঞ্চন নগর হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৬. | ডুমুরিয়া | ডুমুরিয়া হাট | ১৫,১১,৫৬০/- | ডুমুরিয়া হাটে ১টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ রফিকুল ইসলাম খান, পিতা-মৃত হাবিবুর রহমান খান, সাং- হাজিডাঙ্গা, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত ১৫,১২,৮০০/-(পনের লক্ষ বার হাজার আটশত)টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য ডুমুরিয়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | |
| ১৭. | গুটুদিয়া | গুটুদিয়া হাট | ২৩,৭০৯/- | গুটুদিয়া হাটে ১টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ মোসলেম সরদার, পিতা- মোঃ ওয়াছেক আলী সরদার, সাং- গুটুদিয়া, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত ২৪,০০০/-(চব্বিশ হাজার) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য গুটুদিয়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৮. | মাগুরখালী | শিবনগর হাট | ১৩,০৭৪/- | শিবনগর হাটে ১টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ আরিফুল মোল্যা পিতা- মোঃ লেয়াকত মোল্যা, সাং- বসুন্দিয়াডাংগা, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত ১৬,৫০০/-(ষোল হাজার পাঁচশত) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য শিবনগর হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ১৯. | মাগুরখালী | কাঁঠালিয়াহাট | ২,৬১৩/- | কাঁঠালিয়া হাটে ১টি দরপত্র দাখিল হয়েছে। জনাব মোঃ তানভীর ফকির, পিতা- মোঃ রেজাউল করিম ফকির সাং- মৈখালী, ডুমুরিয়া, খুলনা। প্রস্তাবিত ২,৭০০/-(দুই হাজার সাতশত) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য কাঁঠালিয়া হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২০. | ধামালিয়া | বরুনা হাট | ৮৮,৭২২/- | বরুনা হাট ১টি দরপত্র দাখিল হয়েছে। আব্দুল হাই বিশ্বাস, পিতা-ফটিক বিশ্বাস, সাং-বরুনা, ডুমুরিয়া, খুলনা প্রস্তাবিত ৮৮,৮০০/-(আটাশি হাজার আটশত) টাকা। যা সর্বোচ্চ দর এবং সম্ভাব্য সরকারি মূল্যের অধিক। অনুমোদন যোগ্য। | সরকারি নির্ধারিত দরের চেয়ে বেশী। তার অনুকুলে বাংলা ১৪২৯ সনের জন্য বরুনা হাটটির ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। |

| ক্র নং | হাট /বাজারের নাম | বাংলা ১৪২৯ সনের প্রস্তাবিত মূল্য | জামানত ৫% | জামানত ৫% সহ মোট পরিশোধিত টাকার পরিমাণ | বিড়ির মাধ্যমে জামানত | ইজারা পরিশোধ যোগ্য টাকা | ভ্যাট ১৫% | আয়কর ৫% | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | শাহপুর হাট | ১,৪০,০০,০০০/- | ৭,০০,০০০/- | | | | ২১,০০,০০০/- | ৭,০০,০০০/- | |
| ২. | রঘুনাথপুর হাট | ৬১,৬৫৬/- | ৩,০৮৩/- | | | | ৯২৪৮/- | ৩,০৮৩/- | |
| ৩ | থুকড়া হাট | ১,০৫,০০০/- | ৫,২৫০/- | | | | ১৫,৭৫০/- | ৫,২৫০/- | |
| ৪. | শোলগাতিয়া হাট | ২৮,৭৫০/- | ১৪৩৮/- | | | | ৪,১৩১৩/- | ১৪৩৮/- | |
| ৫. | খর্ণিয়া হাট | ৭৩,০০,৩৩৩/- | ৩,৬৫,০১৭/- | | | | ১০,৯৫,০৫০/- | ৩,৬৫,০১৭/- | |
| ৬ | চুকনগর হাট | ৬১,৩৫,০০০/- | ৩০৬৭৫০ | | | | ৯২০২৫০/- | ৩০৬৭৫০ | |
| ৭. | কাঁঠালতলা হাট | ২৩,৫০০/- | ১১৭৫/- | | | | ৩৫২৫/- | ১১৭৫/- | |
| ৮. | আঠারমাইল হাট | ৫৮,৫১,০০০/- | ২,৯,২,৫৫০/- | | | | ৮,৭৭৬৫০/- | ২,৯,২,৫৫০/- | |
| ৯. | মাদারতলা হাট | ৬৫,৬২০/- | ৩২৮১/- | | | | ৯৮৪৩/- | ৩২৮১/- | |
| ১০ | গাবতলা হাট | ১৭,০০০/- | ৮৫০/- | | | | ২৫৫০/- | ৮৫০/- | |
| ১১ | বানিয়াখালী হাট | ৩,১৬,৬৫০/- | ১৫৮৩৩/- | | | | ৪৭৪৯৮/- | ১৫৮৩৩/- | |
| ১২ | শরাফপুর হাট | ৪৭,২০০/- | ২৩৩০/- | | | | ৭০৮০/- | ২৩৩০/- | |

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১৩ | বসুন্দিয়াডাংগা হাট | ৩১,৮০০/- | ১৫৯০/- | | | | ৪৭৭০/- | ১৫৯০/- | |
| ১৪ | নোয়াকাটি হাট | ৩০,৫০০/- | ১৫২৫/- | | | | ৪৫৭৫/- | ১৫২৫/- | |
| ১৫ | কাঞ্চন নগর হাট | ৮,৫০০/- | ৪২৫/- | | | | ১২৭৫/- | ৪২৫/- | |
| ১৬ | ডুমুরিয়া হাট | ১৫,১২,৮০০/- | ৭৫৬৪০/- | | | | ২২৬৯২০/- | ৭৫৬৪০/- | |
| ১৭ | গুটুদিয়া হাট | ২৪,০০০/- | ১২০০/- | | | | ৩৬০০/- | ১২০০/- | |
| ১৮ | শিবনগর হাট | ১৬,৫০০/- | ৮২৫/- | | | | ২৪৭৫/- | ৮২৫/- | |
| ১৯ | কাঁঠালিয়াহাট | ২,৭০০/- | ১৩৫/- | | | | ৪০৫/- | ১৩৫/- | |
| ২০ | বরুনা হাট | ৮৮,৮০০ | ৪৪৪০/- | | | | ১৩৩২০ | ৪৪৪০/- | |

| ক্র নং | হাট /বাজারের নাম | বাংলা ১৪২৯ সনের সরকারি মূল্য | বাংলা ১৪২৯ সনের প্রস্তাবিত মূল্য | জামানত ৫% | বিডি | ভ্যাট ১৫% | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২১ | শাহপুর হাট | ১,০৩,৩৩,৫৪১/- | ১,৪০,০০,০০০/- | ৭,০০,০০০/- | | ২১,০০,০০০/- | | | |
| ২২ | রঘুনাথপুর হাট | ৫৬,১৪৮/- | ৬১,৬৫৬/- | ৩,০৮৩/- | | ৯২৪৮/- | | | |
| ২৩ | থুকড়া হাট | ১,০৩,১৭৩/- | ১,০৫,০০০/- | ৫,২৫০/- | | ১৫,৭৫০/- | | | |
| ২৪ | শোলগাতিয়া হাট | ১৮,৩৫২/- | ২৮,৭৫০/- | ১৪৩৮/- | | ৪,১৩১৩/- | | | |
| ২৫ | খর্ণিয়া হাট | ৪৮,৪৫,২৯৬/- | ৭৩,০০,৩৩৩/- | ৩,৬৫,০১৭/- | | ১০,৯৫,০৫০/- | | | |
| ২৬ | চুকনগর হাট | ৬১,৩২,৮৮৬/- | ৬১,৩৫,০০০/- | ৩০৬৭৫০ | | ৯২০২৫০/- | | | |
| ২৭ | কাঁঠালতলা হাট | ১৯,২৭৪/- | ২৩,৫০০/- | ১১৭৫/- | | ৩৫২৫/- | | | |
| ২৮ | আঠারমাইল হাট | ৫৬,৭১,০০০/- | ৫৮,৫১,০০০/- | ২,৯,২,৫৫০/- | | ৮,৭৭৬৫০/- | | | |
| ২৯ | মাদারতলা হাট | ৪৩,৩৯৮/- | ৬৫,৬২০/- | ৩২৮১/- | | ৯৮৪৩/- | | | |
| ৩০ | গাবতলা হাট | ১৬,৯২৫/- | ১৭,০০০/- | ৮৫০/- | | ২৫৫০/- | | | |
| ৩১ | বানিয়াখালী হাট | ২,৭২,৬৬৮/- | ৩,১৬,৬৫০/- | ১৫৮৩৩/- | | ৪৭৪৯৮/- | | | |
| ৩২ | শরাফপুর হাট | ৩৬,৩২৩/- | ৪৭,২০০/- | ২৩৩০/- | | ৭০৮০/- | | | |
| ৩৩ | বসুন্দিয়াডাংগা হাট | ১৭,৩১৩/- | ৩১,৮০০/- | ১৫৯০/- | | ৪৭৭০/- | | | |
| ৩৪ | নোয়াকাটি হাট | ২৫,৩০২/- | ৩০,৫০০/- | ১৫২৫/- | | ৪৫৭৫/- | | | |
| ৩৫ | কাঞ্চন নগর হাট | ৬,৩৮১/- | ৮,৫০০/- | ৪২৫/- | | ১২৭৫/- | | | |
| ৩৬ | ডুমুরিয়া হাট | ১৫,১১,৫৬০/- | ১৫,১২,৮০০/- | ৭৫৬৪০/- | | ২২৬৯২০/- | | | |
| ৩৭ | গুটুদিয়া হাট | ২৩,৭০৯/- | ২৪,০০০/- | ১২০০/- | | ৩৬০০/- | | | |
| ৩৮ | শিবনগর হাট | ১৩,০৭৪/- | ১৬,৫০০/- | ৮২৫/- | | ২৪৭৫/- | | | |
| ৩৯ | কাঁঠালিয়াহাট | ২,৬১৩/- | ২,৭০০/- | ১৩৫/- | | ৪০৫/- | | | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এজাজ আহম্মেদ
চেয়ারম্যান
ডুমুরিয়া উপজেলা পরিষদ
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬২২৫(অফিস)

স্মারক নং-০৫.৪৪.৪৭৩০.০০১.০৬.০০১.২১- ২০০ (৫০)

তারিখঃ ১ লা চৈত্র ১৪২৮ / ১৫ মার্চ ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১. মাননীয় সংসদ সদস্য-১০৩, খুলনা-০৫,বাংলাদেশ জাতীয় সংসদ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, খুলনা।
৪. জেলা প্রশাসক, খুলনা
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা
৬. নির্বাহী প্রকৌশলী এল.জি.ই.ডি/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/শিক্ষা প্রকৌশল অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/ পানি উন্নয়ন বোর্ড,খুলনা
৭. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ডুমুরিয়া, খুলনা।
৮. উপপরিচালক, মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর, খুলনা।
৯. জেলা শিক্ষা অফিসার, খুলনা।
১০. ------------------------------------------------------------------------------------------জেলা পর্যায়ের দপ্তর সংশ্লিষ্ট প্রধান)
১১. উপজেলা ---------------------------------------------------------------------------, ডুমুরিয়া, খুলনা ;
১২. সহকারী প্রোগ্রামার, ডুমুরিয়া, খুলনা। বিষয়টি ওয়য়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৩. জনাব ---------------------------------------------------------------------------

১৫/০৩/2022

(মোঃ আবদুল ওয়াদুদ)
উপজলা নির্বাহী অফিসার
ডুমুরিয়া, খুলনা
ফোনঃ ০৪০২৫-৫৬০০১